



চার দিনের বিরতি শেষে ফের শুরু সংসদ অধিবেশন



জাতীয় সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

চার দিনের বিরতির পর ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আবারও শুরু হয়েছে। বুধবার (১৫ এপ্রিল) সকাল ১১টায় অধিবেশনের ১৪তম দিনের কার্যক্রম শুরু হয়।

প্রথা অনুযায়ী পবিত্র কুরআন তেলাওয়াতের মধ্য দিয়ে দিনের কার্যসূচি শুরু করা হয়।

অধিবেশনে সভাপতিত্ব করছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

এর আগে গত ১০ এপ্রিল স্পিকার চার দিনের জন্য অধিবেশন স্থগিত ঘোষণা করেছিলেন।

সেদিনের বৈঠকে ‘জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর বিল, ২০২৬’, ‘জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবার ও যোদ্ধাদের কল্যাণ এবং পুনর্বাসন বিল, ২০২৬’ এবং ‘ব্যংক রেজল্যুশন বিল, ২০২৬’ সহ মোট ২৪টি বিল পাস হয়।

চলতি অধিবেশনজুড়ে এখন পর্যন্ত মোট ৯১টি বিল পাস হয়েছে। অন্তর্বর্তী সময়ে জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে সংসদের বিশেষ কমিটি ৯৮টি অপরিবর্তিত রেখে এবং ১৫টি সংশোধনসহ পাসের সুপারিশ করেছে। বাকি ২০টির মধ্যে চারটি বাতিল এবং ১৬টি নতুনভাবে শক্তিশালী করে বিল আকারে উপস্থাপনের পরামর্শ দেওয়া হয়েছে।